


২.	সভাপতি ক্লাবগুলির কার্যক্রম অধিকতর গতিশীল ও জোড়দার করার লক্ষ্যে ক্লাবগুলি পরিদর্শন করার জন্য সিএমসি কমিটির সকল সদস্যকে অনুরোধ করেন। তিনি ক্লাবে সরবরাহকৃত সাংস্কৃতিক উপকরণ ও খেলাধুলা উপকরণের ব্যবহার নিশ্চিত করা এবং সদস্যদের উপস্থিতি বাড়াতে সহায়তা করতে সংশ্লিষ্ট ভেন্যুর প্রধান শিক্ষকদের প্রতি আহ্বান জানান।	২. সিএমসি কমিটির সদস্যগণ মাসে অন্ততঃ পক্ষে ১ দিন ক্লাব পরিদর্শন করবেন। সরঞ্জামাদির ব্যবহার নিশ্চিত করতে হবে।	সিএমসি কমিটির সদস্যবৃন্দ সংশ্লিষ্ট ভেন্যুর প্রধান শিক্ষক
৩.	প্রধান শিক্ষক, উত্তর দিঘলী সরকারী প্রাথমিক বিদ্যালয় সভায় প্রস্তাব করেন যে, সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলি বর্তমানে শূক্র ও শনিবার বন্ধ থাকে বিধায় ক্লাব গুলির ক্লাস বৃহস্পতিবারের পরিবর্তে শনিবার করলে ভাল হয়। শূক্রবারের ক্লাস যথারীতি শূক্রবার থাকবে। তিনি আরও জানান কিশোর-কিশোরী ক্লাব বাস্তবায়নে প্রধান শিক্ষকগণ সক্রিয় ভূমিকা রাখছেন। তাদের জন্য সম্মানীভাৱ ব্যবস্থা করার প্রস্তাব রাখেন।	৩. ক্লাবগুলি শুক্রবার ও শনিবার চালু থাকবে। প্রঃ শিক্ষকদের সম্মানীভাৱ বরাদ্দের জন্য প্রকল্প কার্যালয়ে পত্র প্রেরণ করতে হবে	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সংশ্লিষ্ট ভেন্যুর প্রধান শিক্ষক, ক্লাব কো অর্ডিনেটর, জেভার প্রোমোটর, সংস্কৃত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক
৪.	প্রধান শিক্ষক হলদিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয় জানান, সংস্কৃত ও আবৃত্তি শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি করা দরকার। তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য প্রস্তাব করা হলো।	৪. দ্রুত প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও জেভার প্রোমোটর
৫.	লৌহজং থানার প্রতিনিধি জানান, যৌতুক, বাল্য বিবাহ মোকাবেলায় কিশোর-কিশোরী ক্লাবকে অগ্রনী ভূমিকা পালন করতে হবে এবং তিনি বাল্য বিবাহ প্রতিরোধে সার্বিক সহযোগিতা করবেন বলে জানান।	৫. যৌতুক, বাল্য বিবাহ মোকাবেলায় কিশোর-কিশোরীদের সক্রিয় ভূমিকা পালন করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, প্রধান শিক্ষক, ক্লাব কো অর্ডিনেটর, জেভার প্রোমোটর, সংস্কৃত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক।

সভাপতি বলেন প্রকল্পটির লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী যেন ক্লাবগুলি সুস্থ ও সুন্দর ভাবে পরিচালিত হয় সে জন্য কমিটির সকলকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। ক্লাব চলাকালে যেন কোনো বিশৃঙ্খলা সৃষ্টি না হয় সে বিষয়ে থানার প্রতিনিধিকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন।

অদ্য আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ আব্দুল আউয়াল

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা ক্লাব ম্যানেজমেন্ট কমিটি

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

লৌহজং, মুন্সীগঞ্জ